যুগান্তর

JUN. 28 2002
তারিখ ...
পৃষ্ঠা 2 কলাম 6

# স্পিকারকে ছাত্রলীগের স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার বিরুদ্ধে সংসদে পাসকৃত নিন্দা প্রস্তাব বাতিলের দাবিতে ছাত্রলীগ গতকাল বৃহস্পতিবার স্পিকারের কার্যালয়ে স্মারকলিপি দিয়েছে। বেলা ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে একটি মিছিল বের হয়। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে শাহবাগে পৌঁছলে পুলিশি বাধার মুখে সেখানে তারা সমাবেশ করে। সংগঠনের কেন্দ্রীয় সহ-সভাপতি বলরাম পোদ্দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর, আশরাফুল আজিম রুবন, আবদুল ওয়াদুদ খোকন, খান মঈনুল ইসলাম মোস্তাক, পনিরুজ্জামান তরুণ, শাহ মোস্তফা আলমগীর প্রমুখ বক্তব্য রাখেন।